**পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়**

**বেরুনানপুকুরিয়া , মালিকাপুর , বারাসাত , কলিকাতা ৭০০১২৬**

**স্নাতকোত্তর বাংলা পাঠক্রম – ২০১৯**

**মোট নম্বর = ১২০০, মোট ক্রেডিট = ৯২, (CBCS) , W.E.F. July 2019.**

**সেমেস্টার ১: Code: BNGPCOR01T, প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR02T, আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR03T, ভাষাতত্ত্ব পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR04T, ভাষাবিজ্ঞানঃ ক্রমবিকাশের ইতিহাস পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR05T, প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPAEC01M, পূর্ণমান =৫০, ক্রেডিট= ২**

**সেমেস্টার ২: Code:BNGPCOR06T, উনিশ শতকের বাংলা কাব্য ও কবিতা পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR07T, বিশ শতকের বাংলা কাব্য ও কবিতা পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR08T, বাংলা কথা - সাহিত্য পাঠ , উনিশ শতক , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR09T, বাংলা কথা - সাহিত্য পাঠ , বিশ শতক , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR10T, রবীন্দ্রসাহিত্য পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPSEC01M, পূর্ণমান =৫০, ক্রেডিট= ২**

**সেমেস্টার ৩: Code:BNGPDSE01T, বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ / লোকসংস্কৃতি ( লোকসং স্কৃতি সম্পর্কে ধারণা ), পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPDSE02T, বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ / লোকসংস্কৃতি (লোকসং স্কৃতি সম্পর্কিত তত্ত্ব ও পদ্ধতিবিদ্যা পাঠ ),পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR11T, সাহিত্যতত্ত্ব পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR12T, বাংলা নাটক পাঠ , উনিশ শতক, পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR13T, বাংলা নাটক পাঠ , বিশ শতক , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPGEC01T, পূর্ণমান =৫০, ক্রেডিট = ৪**

**সেমেস্টার ৪: Code:BNGPDSE03T, বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ / লোকসংস্কৃতি ( লোকসং স্কৃতি ও বিভিন্ন বিদ্যা শৃঙ্খলা পাঠ ), পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPDSE04T, বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ / লোকসংস্কৃতি ( বঙ্গীয় লোকসাহিত্য ও সং স্কৃতি পাঠ ), পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR14T, বাংলা প্রবন্ধ সাহিত্য পাঠ ,(উনিশ ও বিশ শতক ),পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR15T, প্রতিবেশি সাহিত্য পাঠ , পূর্ণমান =৫০, ক্রেডিট= ৪**
**BNGPCOR16M, গবেষণাপত্র রচনা , পূর্ণমান =১০০, ক্রেডিট= ৮**

**পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়**

বেরুনানপুকুরিয়া, মালিকাপুর, বারাসাত, কলকাতা- ৭০০ ১২৬

প্রস্তাবিত স্নাতকোত্তর বাংলা পাঠক্রম (CBCS system),২০১৯,(probable date of effect: July 2019)

**সম্পূর্ণ পাঠক্রম নির্বাচনের সামগ্রিক দৃষ্টিভঙ্গী (programme specific outcome ):**

প্রাক্ স্নাতক স্তরে ছাত্র-ছাত্রীরা যে ত্রিবার্ষিক পাঠক্রমটি অধ্যয়ন করে এসেছে, স্নাতকোত্তর স্তরের পাঠক্রমটি তার থেকে অনেকটাই পৃথক। কারণ, এই পাঠক্রমে ছাত্র-ছাত্রীর কর্মমুখি শিক্ষাদান ও একইসঙ্গে তার আত্মশক্তি বিকাশের উপর জোর দেওয়া হয়েছে। প্রাক্ স্নাতক স্তরের পাঠক্রমের বাইরের পাঠ্যপুস্তক নির্বাচন করে এখানে ছাত্র-ছাত্রীর সর্বাঙ্গীণ বিকাশের এবং তার কর্ম্মমুখি শিক্ষায় দক্ষতা অর্জনের একটি সুযোগ করে দেওয়ার প্রচেষ্টা আছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি আয়োগের পাঠক্রম সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করে সেমেস্টার পদ্ধতিতে এই পাঠক্রমটি তৈরি করা হয়েছে। বাংলা সাহিত্য বিষয়ে এতাবৎ সর্বশ্রেষ্ঠ এবং সর্বাধিক গুরুত্বপূর্ণ পুস্তকগুলিকেই এই পাঠক্রমের নির্বাচিত পুস্তক হিসাবে তুলে ধরে ছাত্র-ছাত্রীর অভ্যন্তরীণ এবং বাহ্যিক বিকাশের পথকে সুগম করার চেষ্টা করা হয়েছে।

**প্রথম সেমেস্টার (সেশনঃ জুলাই থেকে ডিসেম্বর )**

**( পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ ৫০ X ৫ ) = ২৫০ নম্বর , প্রতিটি গুচ্ছে ক্রেডিট ৪= ২০ ক্রেডিট**

**এবিলিটি এনহ্যান্সমেন্ট কোর কোর্স (AECC), নম্বর ৫০ ক্রেডিট ২**

**গুচ্ছঃ (COURSE), CODE: BNGPCOR01T,প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ (৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। বাঙালি রচিত সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ সাহিত্য,চর্যাপদ, শ্রীকৃষ্ণকীর্তন, অনুবাদ সাহিত্য ও চৈতন্যজীবনী সাহিত্য ।

২। মঙ্গলকাব্যঃ মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল,ধর্মমঙ্গল,শিবায়ন,অন্নদামঙ্গল।

৩। নাথ সাহিত্য।

৪। মৈমনসিংহ গীতিকা ও পূর্ববঙ্গ গীতিকা, রোমান্টিক প্রণয়কাহিনী।

৫। বৈষ্ণব পদাবলী,শাক্ত পদাবলী,কবিগান, টপ্পাগান,পাঁচালী।

সহায়ক গ্রন্থঃ

১। দীনেশচন্দ্র সেনঃ বঙ্গভাষা ও সাহিত্য, ১ম খণ্ড ২। সুকুমার সেনঃ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ১ম ও ২য় খণ্ড ৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ঃ বাংলা সাহিত্যের ইতিবৃত,১ম-৪র্থ ৪। ভূদেব চৌধুরীঃ বাংলা সাহিত্যের ইতিকথা ১ম ও ২য় খণ্ড ৫। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ঃ বাংলা সাহিত্যের ইতিহাস ৬। গোপাল হালদারঃ বাংলা সাহিত্যের রূপরেখা, ১ম খণ্ড ৭। ক্ষেত্র গুপ্তঃ বাংলা সাহিত্যের ইতিহাস।

**Course outcome:**

প্রথম সেমেস্টার প্রথম গুচ্ছে ছাত্র-ছাত্রীদের প্রাচীন ও মধ্যযুগের সমাজ, রাজনীতি, ধর্মনীতি, শিক্ষানীতি শিক্ষার পাশাপাশি সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশ ভাষা শিক্ষা ও সেই সংক্রান্ত পাঠ্যপুস্তকে তার প্রয়োগ শেখানোর প্রয়াসে উপরোক্ত পাঁচটি একক নির্বাচন করা হয়েছে। ফলে এই পাঁচটি একক থেকে ছাত্র-ছাত্রীরা একাধারে প্রাচীন ও মধ্যযুগে লিখিত পুস্তক, কবিদের মানসিকতা, সেকালের ভাষা, সমাজবাস্তবতা ও আর্থ-সামাজিক প্রেক্ষিতটি খুব সহজেই হৃদয়াঙ্গম করতে সমর্থ হবে।

**গুচ্ছঃ (COURSE),CODE:BNGPCOR02T ,আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস পাঠ (৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। বাংলা গদ্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ।

২। বাংলা সাময়িক পত্রের উদ্ভব ও বিকাশ।

৩। বাংলা কাব্য ও কবিতার উদ্ভব ও বিকাশ ( আখ্যানকাব্য,মহাকাব্য,গীতিকাব্য)।

৪। বাংলা কথা সাহিত্যের উদ্ভব ও বিকাশ।

৫। বাংলা রঙ্গমঞ্চ ও নাট্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ।

সহায়ক গ্রন্থঃ

১। দীনেশচন্দ্র সেনঃ বঙ্গভাষা ও সাহিত্য, ২য় খণ্ড ২। সুকুমার সেনঃ বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, ৩য় ও ৫ম খণ্ড ৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায়ঃ বাংলা সাহিত্যের ইতিবৃত,৫ম-৯ম ৪। ভূদেব চৌধুরীঃ বাংলা সাহিত্যের ইতিকথা ৩য় ও ৪র্থ খণ্ড ৫। শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ঃ বাংলা সাহিত্যের ইতিহাস ৬। গোপাল হালদারঃ বাংলা সাহিত্যের রূপরেখা, ২য় খণ্ড ৭। ক্ষেত্র গুপ্তঃ বাংলা সাহিত্যের ইতিহাস।

**Course outcome:**

প্রথম সেমেস্টার দ্বিতীয় গুচ্ছে আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে মোট পাঁচটি এককে বাংলা সাহিত্যের গদ্য, সাময়িক পত্র, কবিতা, নাটক ও রঙ্গমঞ্চ এবং উপন্যাস ও ছোটগল্প রচনার ধারাসহ রচয়িতাদের বিস্তৃত পরিচয় শেখানোর প্রয়াস করা হয়েছে। কারণ, আধুনিককালে বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি ও সাহিত্য প্রকরণের স্বরূপ কী সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার প্রয়োজন আছে। বিশেষতঃ ছাত্র-ছাত্রীর কর্ম্মমুখি শিক্ষায় আগ্রহী করে তোলার জন্য আধুনিক সাহিত্য প্রকরণের সঠিক সন্ধান ও তাদের প্রকৃত স্বরূপটি ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধারার প্রয়োজন অনুভব করেই এমন পাঠক্রমের পরিকল্পনা করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE), BNGPCOR03T, ভাষাতত্ত্ব পাঠ (৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। প্রাচীন-মধ্য ও নব্য ভারতীয় আর্যভাষা সম্পর্কে ধারণা।

২। প্রাচীন-মধ্য ও নব্য বাংলা ভাষা।

৩। বাংলা লিপির উদ্ভব ও বিকাশ।

৪। ভাষা বৈচিত্র্যঃ আঞ্চলিক-সামাজিক-সাহিত্যিক উপভাষা।

৫। ধ্বনিবিজ্ঞান ও বাংলা ধ্বনিতত্ত্ব।

৬। বাংলা রূপতত্ত্ব ও বাংলা বাক্যতত্ত্ব।

৭। আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা।

৮। শব্দার্থতত্ত্ব।

৯। বাংলা শব্দভাণ্ডার।

১০। বাংলা সাধুভাষা ও চলিতভাষা।

সহায়ক গ্রন্থঃ

১। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ঃ ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ২। সুকুমার সেনঃ ভাষার ইতিবৃত্ত ৩। রামেশ্বর শঃ সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা ৪। পরেশচন্দ্র মজুমদারঃ সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ ৫। মুহম্মদ আব্দুল হাইঃ ধবনি-বিজ্ঞান ও বাংলা ধবনিতত্ত্ব।

**Course outcome:**

প্রথম সেমেস্টার তৃতীয় গুচ্ছে মোট দশটি এককে বাংলা ভাষার উদ্ভব ও তার বিকাশসহ ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে নানান বিবর্তনের মধ্য দিয়ে কেমন করে আধুনিক বাংলা ভাষা রূপ পরিগ্রহ করেছে সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার চেষ্টা আছে। এই গুচ্ছে ছাত্র-ছাত্রীকে বাংলা ভাষা তৈরির ইতিহাস যেমন শেখানোর চেষ্টা করা হয়েছে, তেমনি এখানে বাংলা ভাষার ধ্বনিতত্ত্বের, রূপতত্ত্বের, শব্দতত্ত্বের, বাক্যতত্ত্বের দিকগুলি শেখানোরও প্রয়াস করা হয়েছে। এর বাইরে বাংলা ভাষার উপভাষা ও তার অঞ্চল, ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য, বাংলা শব্দভাণ্ডার, শব্দার্থ পরিবর্তন, ধ্বনি পরিবর্তন ইত্যাদি সহ আধুনিক বাংলা ভাষা ও তার স্বরূপ এবং তার চর্চা ও বিবর্তনের ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরির প্রয়াস করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),BNGPCOR04T , ভাষাবিজ্ঞানঃ ক্রমবিকাশের ইতিহাস পাঠ (৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। পাশ্চাত্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস।

ক। পাশ্চাত্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা ।

খ। প্লেটো, অ্যারিস্টটল, দান্তে, উইলিয়ম জনস্, ম্যাক্স মূলার, জর্জ আব্রাহাম গ্রীয়ারসন, ফের্দনা দ্য সোস্যুর্, লিওনার্ড ব্লুম্ফিল্ড, প্রাগ্-গোষ্ঠী, আব্রাহাম নোয়াম্ চম্স্কি প্রমুখ ভাষাবিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদানের ইতিহাস সম্পর্কে ধারণা।

২ প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস।

ক। প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ। পাণিনি, কাত্যয়ন, পতঞ্জলি, বামন, সুনীতিকুমার চট্টোপাধ্যায়, মুহম্মদ শহীদুল্লাহ, সুকুমার সেন, রামেশ্বর শ প্রমুখ ভাষাবিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদানের ইতিহাস সম্পর্কে ধারণা।

৩। বাংলা ব্যাকরণ চর্চা ।

ক। ব্যাকরণের সংজ্ঞা, স্বরূপ ও বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাস সম্পর্কে সাধারণ ধারণা।

খ। মানোএল-দা-আস্সুম্প্সাঁও, ন্যাথানিয়েল ব্রাসি হ্যালহেড, উইলিয়ম কেরী, উইলিয়ম ইয়েটস্, জেম্স্ কীথ, চাম্নি হটন, ডানকান ফর্বেস, রাজা রামমোহন রায় প্রমুখ ব্যক্তির বাংলা ব্যাকরণ চর্চা সম্পর্কে ধারণা।

সহায়ক গ্রন্থঃ

১। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ঃ ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ ২। সুকুমার সেনঃ ভাষার ইতিবৃত্ত

৩। রামেশ্বর শঃ সাধারণ ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা ৪। পরেশচন্দ্র মজুমদারঃ সংস্কৃত ও প্রাকৃত ভাষার ক্রমবিকাশ

৫। মুহম্মদ আব্দুল হাইঃ ধবনি-বিজ্ঞান ও বাংলা ধবনিতত্ত্ব।

**Course outcome:**

প্রথম সেমেস্টার চতুর্থ গুচ্ছে ভাষাচর্চার ইতিহাস সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা স্পষ্ট করার জন্য তিনটি এককে মোট ছয়টি উপএককে যথাক্রমে পাশ্চাত্য, প্রাচ্য ভাষাবিজ্ঞান চর্চার ইতিহাস সহ বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাস পাঠ্য বিষয়ভুক্ত হয়েছে। প্রতিটি ক্ষেত্রে নির্বাচিত কয়েকজন উল্লেখযোগ্য ভাষাতত্ত্ববিদের ভাষাবিজ্ঞান চর্চায় অবদান আলোচনা করে বিষয়টি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের ধারণা স্পষ্ট করার প্রয়াস করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),BNGPCOR05T , প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। **চর্যাপদ** ( নির্বাচিত ১০টি পদ )।

২। বড়ু চণ্ডীদাস রচিত **শ্রীকৃষ্ণকীর্তন** (নির্বাচিত অংশ )।

৩। কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী রচিত **শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত** (নির্বাচিত অংশ )।

সাহায়ক গ্রন্থঃ

১। হরপ্রাসাদ শাস্ত্রীঃ হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোঁহা ২। প্রবোধচন্দ্র বাগচীঃ চর্যাশ্চর্যবিনিশ্চয় ৩। মণীন্দ্রমোহন বসুঃ চর্য্যাপদ ৪। জাহ্নবীকুমার চক্রবর্তীঃ চর্যাগীতির ভূমিকা ৫। নির্মল দাশঃ চর্যাগীতি পরিক্রমা ৬। নীলরতন সেনঃ চর্যাগীতিকোষ ৭। বসন্তরঞ্জন রায়ঃ শ্রীকৃষ্ণকীর্ত্তন, চণ্ডীদাস বিরচিত ৮। তারাপদ মুখোপাধ্যায়ঃ শ্রীকৃষ্ণকীর্তন ৯। অমিত্রসূদন ভট্টাচার্যঃ বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন সমগ্র ১০। কল্যাণীশঙ্কর ঘটকঃ শ্রীকৃষ্ণকীর্তন ১১। সুকুমার সেন ও তারাপদ মুখোপাধ্যায় সম্পাদিত কৃষদাস বিরচিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ১২। অমিত্রসূদন ভট্টাচার্যঃ পরামৃত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ১৩। উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত।

**Course outcome:**

প্রথম সেমেস্টার পঞ্চম গুচ্ছে প্রাচীন ও মধ্যযুগের সর্বাধিক গুরুত্বপূর্ণ, অবশ্যপাঠ্য এবং বহু চর্চিত তিনটি বিখ্যাত পাঠ্যপুস্তক নির্বাচন করা হয়েছে। চর্যাপদ নামের পাঠ্যপুস্তকে অষ্টম থেকে দ্বাদশ শতাব্দীর বৌদ্ধ তান্ত্রিক সহজিয়া সম্প্রদায়ের ধর্মচর্চার স্বরূপ, সমকালীন সমাজের আর্থ-সামাজিক, ধর্মীয়, রাজনৈতিক প্রেক্ষিতসহ প্রাচীন বাংলা ভাষার স্বরূপ এবং কবিদের কাব্যরচনার কৌশল ও দক্ষতাকে ধরবার প্রয়াস আছে। শ্রীকৃষ্ণকীর্তন গ্রন্থে প্রাক্ মধ্যযুগের বাংলা ভাষার স্বরূপ যেমন ধরা পড়েছে তেমনি নাটগীতি পাঁঞ্চালিকার প্রকরণটি শেখানোর লক্ষ্যে এমন একটি পুস্তক নির্বাচন করা হয়েছে। রাধা-কৃষ্ণ প্রেমকথা নিয়ে গ্রন্থ রচনার ইতিহাস ও বাংলা ভাষা চর্চার ইতিহাস এই দুই দিক গ্রন্থটির মধ্যে বিশেষত্বের দিক হিসাবে ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরে তাদের জ্ঞানের পরিধি বৃদ্ধির প্রয়াস করা হবে। আর ষোড়শ শতকে চৈতন্য মহাপ্রভুকে কেন্দ্র করে যে ধর্ম আন্দোলন ও সাহিত্য রচিত হয়েছিল সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে শ্রীশ্রীচৈতন্যচরিতামৃতের মতো একটি তত্ত্বগ্রন্থ পাঠ্যপুস্তক হিসাবে নির্বাচন করা হয়েছে।

**AECC(Ability Enhancement Core Course) CODE:BNGPAEC01M(৫০ নম্বর ), ক্রেডিট ০২**

১। কম্পিউটারে বাংলা লিখন।

২। বাংলা বানান চর্চা।

৩। বাংলা পত্রলিখন।

**Course outcome:**

বাংলা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের গবেষণাসহ অন্যান্য ক্ষেত্রে নিজের কর্মদক্ষতা বাড়ানোর জন্য কম্পিউটারে বাংলা লিখন, বাংলা বানান শিক্ষা ও পত্রলিখন শিক্ষা জরুরী। এতে ছাত্র-ছাত্রীর কর্মদক্ষতা বৃদ্ধি পাবে। সেইসঙ্গে বাংলা বানান সম্পর্কিত ধারণা স্পষ্ট হলে তাদের কর্মসংস্থান বাড়বে। পত্রিকার সম্পাদক, প্রুফ সংশোধন সহ অন্যান্য স্থানে কর্ম করার সুযোগ পাবে।

## দ্বিতীয় সেমেস্টার (সেশনঃ জানুয়ারি থেকে জুন )

## ( পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ ৫০ X ৫ ) = ২৫০ নম্বর , প্রতিটি গুচ্ছে ক্রেডিট ৪= ২০ ক্রেডিট

## স্কীল এনহ্যান্সমেন্ট কোর্স ( SEC), ৫০ নম্বর, ক্রেডিট ০২

**গুচ্ছঃ (COURSE), BNGPCOR06T , উনিশ শতকের বাংলা কাব্য ও কবিতা পাঠ ,(৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। মধুসূদন দত্ত রচিত **মেঘনাদবধ কাব্য** ।

২। বিহারীলাল চক্রবর্তী রচিত **সাধের আসন** ।

৩। রবীন্দ্রনাথ ঠাকুরঃ **চিত্রা** ।

**Course outcome:**

দ্বিতীয় সেমেস্টার প্রথম গুচ্ছে উনিশ শতকের প্রতিনিধি স্থানীয় তিনটি কাব্য পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। বাংলা সাহিত্যিক মহাকাব্য ধারার শ্রেষ্ঠ কাব্য মেঘনাদবধ কাব্য, গীতিকাব্যধারার সাধের আসন ও উনিশ শতকের রবীন্দ্রকাব্য চিত্রা এই গুচ্ছে পাঠ্য বিষয়ভুক্ত হয়েছে।

**গুচ্ছঃ (COURSE), CODE:BNGPCOR07T , বিশ শতকের বাংলা কাব্য ও কবিতা পাঠ ,(৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

**১**। নজরুল ইসলামঃ **সঞ্চিতা** (নির্বাচিত কবিতা)

**২**। জীবনানন্দ দাশঃ **বনলতা সেন** (নির্বাচিত কবিতা)

৩। বুদ্ধদেব বসু সম্পাদিত **আধুনিক বাংলা কবিতা** ।

( সুধীন্দ্রনাথ দত্ত, অমিয় চক্রবর্তী, প্রেমেন্দ্র মিত্র, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, সমর সেন, সুভাষ মুখোপাধ্যায়, সুকান্ত ভট্টাচার্য প্রমুখ কবির নির্বাচিত কবিতা।)

**Course outcome:**

দ্বিতীয় সেমেস্টার দ্বিতীয় গুচ্ছে বিশ শতকের বাংলা কাব্য ও কবিতায় নজরুল ইসলামের সঞ্চিতা, জীবনানন্দ দাশের বনলতা সেন ও আধুনিক কবিদের রচিত কাব্য ও কবিতা পাঠ্য হিসাবে নির্বাচিত হয়েছে। রবীন্দ্রনাথের পর বাংলা কবিতার মুক্তি যাঁর হাত ধরে হয়েছিল বলে সমালোচকগণ মনে করেন, সেই বিদ্রোহী কবির কবিতা সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার জন্য নজরুলের সঞ্চিতা কাব্যের কবিতা পাঠ্য বিষয় করা হয়েছে। আধুনিক বাংলা কবিদের মধ্যে হতাশা ও মৃত্যুচেতনার কবি হিসাবে পরিচিত হলেও পল্লী প্রকৃতির রূপ বর্ণনা ও বাংলা কবিতায় পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের প্রয়োগ যাঁর কবিতায় সার্থকতা পেয়েছে সেই বিখ্যাত কবি জীবনানন্দ দাশ- এর রচনার স্বরূপ ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার জন্য বনলতা সেন কাব্যগ্রন্থের কবিতা পাঠ্য করা হয়েছে। আর আধুনিক কালের বাংলা কবিতার রূপ, স্বরূপ ও ধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য আধুনিক কবিদের রচিত কবিতা পাঠ্য বিষয়ভুক্ত করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE), CODE:BNGPCOR08T , বাংলা কথা -সাহিত্য পাঠ , উনিশ শতক, (৫০ নম্বর ) , ক্রেডিট ০৪**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত **বিষবৃক্ষ** ।

২। শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত **তুঙ্গভদ্রার তীরে** ।

৩। অসিতকুমার বন্দ্যোপাধ্যায় ও অজিতকুমার ঘোষ এবং অশ্রুকুমার সিকদার ও কবিতা সিংহ সংকলিত ও সম্পাদিত **বাংলা গল্প সংকলন** ১ম ও ২য় খণ্ড, সাহিত্য অকাদেমি প্রকাশিত ১৯ শতকের নির্বাচিত গল্প)।

**Course outcome:**

দ্বিতীয় সেমেস্টার তৃতীয় গুচ্ছে উনিশ শতকের বাংলা কথা-সাহিত্য পাঠ্য তালিকাভুক্ত হয়েছে। প্রথম এককে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিখ্যাত সামাজিক উপন্যাস বিষবৃক্ষ পাঠ্যতালিকায় স্থান পেয়েছে। দ্বিতীয় এককে শরদিন্দু বন্দ্যোপাধ্যায় রচিত

ঐতিহাসিক রোমান্স মূলক উপন্যাস তুঙ্গভদ্রারতীরে উপন্যাসটি এবং তৃতীয় এককে উনিশ শতকের নির্বাচিত ছোটগল্প পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। উনিশ শতকের কথাসাহিত্যের গতিপ্রকৃতি ও সাহিত্যধারা সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য।

**গুচ্ছঃ (COURSE), CODE:BNGPCOR09T, বাংলা কথা -সাহিত্য পাঠ , বিশ শতক, (৫০ নম্বর ), ক্রেডিট ০৪**

১। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত **রাধা** ।

২। আশাপূর্ণা দেবী রচিত **প্রথম প্রতিশ্রুতি** ।

৩। অশ্রুকুমার সিকদার ও কবিতা সিংহ এবং সুনীল গঙ্গোপাধ্যায় সংকলিত ও সম্পাদিত **বাংলা গল্প সংকলন** ৩য় ও ৪র্থ খণ্ড, সাহিত্য অকাদেমি প্রকাশিত ২০ শতকের নির্বাচিত গল্প)।

**Course outcome:**

দ্বিতীয় সেমেস্টার চতুর্থ গুচ্ছে বিশ শতকের বাংলা কথা-সাহিত্য পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। এই গুচ্ছের প্রথম এককে রাঢ় বাংলার রূপকার তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত রাধা উপন্যাসটি পাঠ্য করার কারণ চৈতন্য মহাপ্রভুর মৃত্যুর পর বৈষ্ণব ধর্মের গতিপ্রকৃতি সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করা। বিশ শতকে নারী স্বাধীনতা নারীর লেখায় কেমনভাবে প্রকাশিত হয়েছে সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে প্রথম প্রতিশ্রুতি উপন্যাসটির নির্বাচন। সমকালীনতা, সংসারনীতি, নারী-পুরুষের দাম্পত্য সম্পর্ক ও বিশ শতকের পুরুষ শাষিত সামাজে নারীর অবস্থান ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরাই এই নির্বাচনের মূল লক্ষ্য। আর বাংলা ছোটগল্পের ধারা বিশ শতকে কেমনভাবে প্রভাব বিস্তার করেছিল, পাশ্চাত্য সাহিত্যতত্ত্বের প্রয়োগ বাংলা ছোটগল্পকে কেমনভাবে প্রভাবিত করেছিল, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের ধারণা তৈরি করার জন্য বিশ শতকের বাংলা ছোটগল্পের নির্বাচন।

**গুচ্ছঃ (COURSE), CODE:BNGPCOR10T, রবীন্দ্রসাহিত্য পাঠ , ৫০ নম্বর , ক্রেডিট ০৪**

১। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **গোরা** ।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **রক্তকরবী** ।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ও সংকলিত **সঞ্চয়িতা** , (নির্বাচিত কবিতা) ।

**Course outcome**:

রবীন্দ্রনাথ ঠাকুর ও তাঁর রচিত সাহিত্য বাংলা সাহিত্যের অধিকাংশ স্থান জুড়ে আছে। ছাত্র-ছাত্রীদের রবীন্দ্রসাহিত্য সম্পর্কে জ্ঞান বৃদ্ধি ও ব্যক্তি রবীন্দ্রনাথকে জানবার জন্য ভিন্ন ভিন্ন সেমেস্টারের পৃথক পৃথক এককে আমরা যতটা সম্ভব রবীন্দ্রসাহিত্য রাখার চেষ্টা করেছি । দ্বিতীয় সেমেস্টারের পঞ্চম গুচ্ছে আমরা পৃথকভাবে 'রবীন্দ্রসাহিত্য ' নাম দিয়ে রবীন্দ্রনাথের উপন্যাস, নাটক ও কবিতা পাঠ্যতালিকাভুক্ত করেছি। সমকালীন রাজনীতি, স্বদেশী আন্দোলন, ব্রাহ্মসমাজ বনাম হিন্দুধর্মের বিরোধ বিষয়ে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা তৈরির জন্য গোরা উপন্যাসটি নির্বাচিত। যন্ত্রসভ্যতা ও কৃষি সভ্যতার দ্বন্দ্ব, মানুষের সূক্ষ প্রবৃত্তিহীনতা আধুনিক সমাজে মানুষের লোভ ও তার পরিণতি বোঝানোর জন্য রক্তকরবী নাটক পাঠ্য করা হয়েছে আর কবি রবীন্দ্রনাথকে বোঝবার জন্য সঞ্চয়িতার কবিতা পাঠ্য তালিকায় স্থান পেয়েছে।

**Skill Enhancement Course (SEC) , CODE:BNGPSEC01M(৫০ নম্বর ) , ক্রেডিট ০২**

১। বাংলা প্রুফ সংশোধন।

**Course outcome:**

ছাত্র-ছাত্রীদের গবেষণার কাজের সুবিধার জন্য, নিজস্ব লেখা ও গ্রন্থ প্রকাশের জন্য বাংলা প্রুফ সংশোধন শিক্ষা জরুরী। এছাড়া পত্রিকার সম্পাদনার ক্ষেত্রে এবং বিভিন্ন প্রকাশনা সংস্থায় কর্মসংস্থানেরও সুযোগ হতে পারে এই শিক্ষায়।

**তৃতীয় সেমেস্টার (সেশনঃ জুলাই থেকে ডিসেম্বর )**

**( পাঁচটি গুচ্ছ, প্রতি গুচ্ছ ৫০ X ৫ ) = ২৫০ নম্বর , প্রতিটি গুচ্ছে ক্রেডিট ৪= ২০ ক্রেডিট**

**জেনেরিক ইলেক্টিভ কোর্স , ৫০ নম্বর, ক্রেডিট ৪**

**[ তৃতীয় ও চতুর্থ সেমেস্টারে ১। 'প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ '(DSE-I) এবং ২। 'লোকসংস্কৃতি ' (DSE-II ) শিরোনামে মোট দুইটি বিশেষ পত্র (Department Specific Elective/DSE) পাঠ্যতালিকাভুক্ত হয়েছে , যার থেকে একটি বিশেষ পত্র (তৃতীয় সেমেস্টারে ৫০+৫০=১০০ নম্বর ও চতুর্থ সেমেস্টারে ৫০+৫০=১০০) ছাত্র-ছাত্রীকে নির্বাচন করতে হবে । তৃতীয় ও চতুর্থ সেমেস্টার মিলিয়ে ঐ একই বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীকে মোট ২০০ নম্বরের পাঠক্রম পড়তে হবে । ]**

**১। বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-I & II )**

**গুচ্ছঃ (COURSE), (DSE-I)CODE:BNGPDSE01T বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ , নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। জয়দেব রচিত **শ্রীশ্রীগীতগোবিন্দম্** ।

২। মুকুন্দ চক্রবর্তী রচিত **চণ্ডীমঙ্গল** ।

৩। বৃন্দাবন দাস রচিত **শ্রীশ্রীচৈতন্যভাগবত** ।

সহায়ক গ্রন্থঃ

১। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত শ্রীশ্রীগীতগোবিন্দম্ ২। সুকুমার সেন সম্পাদিত কবিকঙ্কণ-বিরচিত চণ্ডীমঙ্গল ৩। ক্ষুদিরাম দাস সম্পাদিত কবিকঙ্কণ চণ্ডী(১ম খণ্ড) ৪। বিজিতকুমার দত্ত সম্পাদিত কবিকঙ্কণ চণ্ডী ৫। মোহিনীমোহন সরদারঃ কবিকঙ্কণ-চণ্ডীঃ বৈচিত্র্যের অনুসন্ধান ৬। বিশ্বনাথ রায় সম্পাদিত কবিকঙ্কণ মুকুন্দের চণ্ডীমঙ্গল বীক্ষা ও সমীক্ষা ৭। সুকুমার সেন সম্পাদিত বৃন্দাবন দাস রচিত চৈতন্যভাগবত ৮। বিষ্ণুপদ পাণ্ডা সম্পাদিত শ্রীশ্রীচৈতন্যভাগবত।

**Course outcome:**

তৃতীয় সেমেস্টার Departmental Specific Elective( DSE-I) কোর্সের প্রথমটিতে প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ রাখা হয়েছে। বিশেষ পত্র হিসাবে ছাত্র-ছাত্রীদের কাছে এই গুচ্ছের গুরুত্ব অপরিসীম। এই গুচ্ছের প্রথম এককে দ্বাদশ শতকের সংস্কৃত ভাষার বিখ্যাত কবি জয়দেব রচিত শ্রীশ্রীগিতগোবিন্দম্ কাব্য পাঠ্য হিসাবে নির্বাচিত হয়েছে। সংস্কৃত ও ভাঙা বাংলায় রাধা-কৃষ্ণ বিষয়ক যে কাব্য জয়দেব লিখেছিলেন সেই কাব্যকে সামনে রেখে মধ্যযুগে অনেক কবিই কাব্যরচনা করেছেন। তাই বাংলা সাহিত্যে কবি জয়দেবের প্রভাব অস্বীকার করা যায় না। জয়দেবের কাব্য সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সম্যক ধারণা তৈরি করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। ষোড়শ শতকের বিখ্যাত কবি মুকুন্দ চক্রবর্তী তাঁর চণ্ডীমঙ্গল কাব্যে তৎকালীন সমাজের ইতিহাস, ভূগোল, জমি সেটেলমেন্টসহ নানান ঐতিহাসিক তথ্য প্রদান করে বিখ্যাত হয়েছেন। মঙ্গলকাব্যের পুরোধা কবি হিসাবেও তিনি এযুগে বিশেষ সম্মানের অধিকারী। এমনই একজন কবির কাব্য যে বছর বছর ছাত্র-ছাত্রীদের আগ্রহের বিষয়বস্তু হয়ে উঠবে তাতে কোনো সন্দেহ নেই। সেই নিরিখেই চণ্ডীমঙ্গল কাব্যকে আমরা পাঠ্যবিষয় হিসাবে নির্বাচন করেছি। আর চৈতন্য মহাপ্রভুকে নিয়ে যিনি প্রথম বাংলা ভাষায় জীবনী কাব্য লিখলেন, সেই বৃন্দাবন দাস ও তাঁর রচিত শ্রীশ্রীচৈতন্যভাগবত বাঙলি জাতি ও বাংলা ভাষার অমূল্য সম্পদ। এ সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক ধারণা থাকা বাঞ্ছনীয়। সেই মহৎ উদ্দেশ্য পূরণের লক্ষ্যে এই গ্রন্থ পাঠ্য তালিকাভুক্ত করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE), (DSE-II),CODE:BNGPDSE02T বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ , নম্বর ৫০), ক্রেডিট ০৪**

**১। বৈষ্ণব পদাবলী** (চণ্ডীদাস,বিদ্যাপতি,জ্ঞানদাস,গোবিন্দ দাস--নির্বাচিত পদ)।

২। দীনেশচন্দ্র সেন সম্পাদিত **মৈমনসিংহ গীতিকা** (নির্বাচিত পালা)।

৩। বিপ্রদাস পিপিলাই রচিত **মনসামঙ্গল** ।

সহায়ক গ্রন্থঃ

১। নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত বিদ্যাপতি পদাবলী ২। বিমানবিহারী মজুমদার সম্পাদিত চণ্ডীদাসের পদাবলী ৩। দীনেন্দ্রকুমার রায় সম্পাদিত চণ্ডীদাসের পদাবলী ৪। সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত গোবিন্দদাস পদাবলী ৫। সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত জ্ঞানদাস পদাবলী ৫। দীনেশচন্দ্র সেন সম্পাদিত মৈমনসিংহ গীতিকা ৬। অচিন্ত্য বিশ্বাস সম্পাদিত বিপ্রদাস পিপিলাইয়ের মনসামঙ্গল ৭। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস।

**Course outcome:**

তৃতীয় সেমেস্টার (DSE-II) দ্বিতীয় গুচ্ছের তিনটি এককে যথাক্রমে বৈষ্ণব পদাবলী, মৈমনসিংহ গীতিকা ও মনসামঙ্গল কাব্য তিনটি গ্রন্থ পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। রাধা-কৃষ্ণকে পাত্র-পাত্রী নির্বাচন করে পঞ্চদশ শতক থেকে অষ্টাদশ শতক পর্যন্ত দীর্ঘ সময় ধরে খ্যাত-অখ্যাত বিভিন্ন কবি নারী-পুরুষের মনস্তত্ত্ব নিয়ে ভিন্ন ভিন্ন পর্যায়ের পদ রচনা করেছেন। এই সব পদগুলি একাধারে বিষ্ণু দেবতার উপাসনার পদ হিসাবে যেমন বিখ্যাত হয়েছে তেমনি আবার নর-নারীর প্রেম-প্রণয় উপাখ্যানের পদ হিসাবেও গুরুত্ব পেয়েছে। সে সম্পর্কে সম্যক ধারণা তৈরি করার লক্ষ্যে বৈষ্ণব পদাবলী পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। ইসলাম ধর্মাবলম্বী মানুষজন নিজেদের মনোরঞ্জনের জন্য নর-নারীর প্রেম-প্রণয়ের যে গাথা অবসর সময়ে অভিনয় করে নিজেদের মনকে তৃপ্ত করে এসেছেন, জাতিভেদ প্রথা, শাসকের অত্যাচার, সময়ের দাবীকে অতিক্রম করে নর-নারীর প্রেমের যে জয়গান তাঁরা প্রচার করেছেন, সে সম্পর্কে সম্যক ধারণা দেওয়ার জন্য মৈমনসিংহ গীতিকা পাঠ্য করা হয়েছে। আর সাপের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য সর্পদেবী মনসার পূজা বাঙালি জীবনে প্রভাব বিস্তার করেছে, বাংলার সমাজ যে এককালে 'বাণিজ্যে বসতে লক্ষ্মী' এই প্রবাদে ভর করে সমৃদ্ধশালী হয়েছে সে সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞানবৃদ্ধির লক্ষ্যে মনসামঙ্গল কাব্য পাঠ্য করা হয়েছে। তবে কবি বিপ্রদাস পিপিলাই-এর কাব্য নির্বাচিত হয়েছে কেন ? এই প্রশ্নের উত্তরে বলা যায়, উত্তর চব্বিশ পরগণায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ের পাঠ্যতালিকায় উত্তর চব্বিশ পরগণার কবি স্থান পাবেন না তা হতে পারে না। স্থান-কাল ও স্থানীয় প্রভাবের কথা মাথায় রেখে বিপ্রদাস পিপিলাই-এর কাব্য পাঠ্যতালিকাভুক্ত করা হয়েছে।

**২। বিশেষ পত্রঃ লোকসংস্কৃতি ( FOLKLORE), DSE- I & II**

**গুচ্ছঃ (COURSE), (DSE-I), CODE: BNGPDSE01T বিশেষ পত্রঃ লোকসংস্কৃতি (লোকসংস্কৃতি (FOLKLORE) সম্পর্কে ধারণা ),নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। 'ফোকলোর' শব্দটির বঙ্গীয় প্রতিশব্দ কেন্দ্রিক বিতর্ক।

২। লোকসংস্কৃতির সংজ্ঞা,স্বরূপ,বৈশিষ্ট্য।

৩। পরিশীলিত সংস্কৃতি বনাম লোকসংস্কৃতি।

৪। লোকসংস্কৃতির বিষয় বিভাজন।

৫। লোকসংস্কৃতির প্রাথমিক উপাদান, Taboo, Totem, Mana, Magic, Religion।

৬। লোকসংস্কৃতি চর্চার ইতিহাস ও উপযোগিতা।

৭। লোকসংস্কৃতির দর্শন।

সহায়ক গ্রন্থঃ

১। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদঃ বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিকঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদারঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দেঃ বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্তঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তীঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতিঃ নানা প্রসঙ্গ ।

**Course outcome:**

তৃতীয় সেমেস্টার Departmental Specific Elective( DSE-I) কোর্সের দ্বিতীয়টিতে লোকসংস্কৃতি পাঠ্য তালিকায় স্থান পেয়েছে। এই গুচ্ছে মোট সাতটি এককে বিশেষ পত্র লোকসংস্কৃতির সংজ্ঞা, স্বরূপ , পরিশীলিত সংস্কৃতির সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক ও তার উপাদান বিষয়ে ছাত্র-ছাত্রীদের অবহিত করার চেষ্টা করা হয়েছে। সেই সঙ্গে লোকসংস্কৃতি চর্চার ইতিহাস ও তার দর্শন বিষয়েও ছাত্র-ছাত্রীদের জ্ঞান যাতে বৃদ্ধি পায় তার জন্য সচেতনতা অবলম্বন করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),(DSE-II), CODE:BNGPDSE02T বিশেষ পত্রঃ লোকসংস্কৃতি (লোকসংস্কৃতি সম্পর্কিত তত্ত্ব ও পদ্ধতি বিদ্যা পাঠ ) , নম্বর ৫০ , ক্রেডিট ০৪**

১। পদ্ধতিবিদ্যার গুরুত্ব ও সীমাবদ্ধতা।

২। Type Motif index ।

৩। ঐতিহাসিক ও ভৌগোলিক পদ্ধতি ও ঐতিহাসিক বস্তুবাদী পদ্ধতি।

৪। জাতীয়তাবাদী, মনঃসমীক্ষণ ও তুলনামূলক পদ্ধতি।

৫। নৃতাত্ত্বিক পদ্ধতি।

৬। Contextual Method ।

৭। Meta Folklore, Text, Context & Texture of Folklore ।

৮। ক্ষেত্রসমীক্ষা সম্পর্কিত শ্রেণিকক্ষনির্ভর আলোচনা।

সহায়ক গ্রন্থঃ

১। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদঃ বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোক-সাহিত্য(১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিকঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদারঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দেঃ বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্তঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তীঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতিঃ নানা প্রসঙ্গ।

**Course outcome:**

তৃতীয় সেমেস্টার (DSE-II) দ্বিতীয় গুচ্ছের বিশেষ পত্র লোকসংস্কৃতির পাঠক্রমে মোট আটটি এককে বিভিন্ন পদ্ধতি ও লোকসংস্কৃতির সম্পর্ক দেখানো হয়েছে, যাতে ছাত্র-ছাত্রীরা লোকসংস্কৃতির সঙ্গে অন্যান্য পরিশীলিত সংস্কৃতির সম্পর্কটি খুব সহজেই অনুধাবন করতে পারে। এই গুচ্ছে শ্রেণিকক্ষনির্ভর ক্ষেত্র সমীক্ষাও রাখা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE), CODE:BNGPCOR11T ,সাহিত্যতত্ত্ব পাঠ , নম্বর ৫০ , ক্রেডিট ০৪**

**১। ভারতীয় অলংকার তত্ত্বঃ** অলংকার,রীতি,বক্রোক্তি,ঔচিত্য,ধ্বনি,রস।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **সাহিত্যের পথে** ।

৩। পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনাতত্ত্বঃ

**অঃ** আরিস্টটল রচিত **কাব্যতত্ত্ব** ।

**আঃ** রোমান্টিসিজম,পোস্টমর্ডানিজম,রিয়ালিজম,নারীচেতনাবাদ,সাহিত্যের নিম্নবর্গ চেতনা,ন্যাচারালিজম, সুররিয়ালিজম্ ,স্ট্রাক্চারালিজম্ ।

সহায়ক গ্রন্থঃ

১। গঙ্গাসাগর রায়ঃ কাব্যমীমাংসা ২। সুধীরকুমার দাশগুপ্তঃ কাব্যালোক ৩। বিষ্ণুপদ ভট্টাচার্যঃ কাব্যমীমাংসা ৪। অতুলচন্দ্র গুপ্তঃ কাব্যজিজ্ঞাসা ৫। করুণাসিন্ধু দাসঃ কাব্যজিজ্ঞাসার রূপরেখা ৬। দুর্গাশঙ্কর মুখোপাধ্যায়ঃ কাব্যতত্ত্ববিচার ৭। বিমলকুমার মুখোপাধ্যায়ঃ দর্পণে প্রতিবিম্ব/ সাহিত্যবিবেক/ সাহিত্যের মাত্রা- দ্বান্দ্বিক সূত্র / সাহিত্যবিচারঃ তত্ত্ব ও প্রয়োগ ৮। শিশিরকুমার দাশঃ কাব্যতত্ত্ব আরিস্টটল ৯। সাধনকুমার ভট্টাচার্যঃ এরিস্টটলের পোয়েটিক্স্ ও সাহিত্যতত্ত্ব ১০। Ingram Bywater : Aristotle on the Art of Poetry. ১১। S. H. Butcher : Aristotle's Theory of Poetry and Fine Art. ১২। নবেন্দু সেন সম্পাদিতঃ পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সাহিত্যভাবনা।

**Course outcome:**

তৃতীয় সেমেস্টার তৃতীয় গুচ্ছে প্রাচ্য ও পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব সম্পর্কে সম্যক জ্ঞান বৃদ্ধির জন্য উপরিউক্ত বিষয়গুলি পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। কাব্য বিচারে অলংকার রীতি বক্রোক্তি ধ্বনি রসের গুরুত্ব ও তার বিচার পদ্ধতি যেমন ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরার প্রয়াস করা হয়েছে, তেমনই রবীন্দ্রনাথের সাহিত্যবিচার পদ্ধতি ও তাঁর মতামত সম্বন্ধেও

ছাত্র-ছাত্রীদের অবহিত করার লক্ষ্যে সাহিত্যের পথে গ্রন্থটি পাঠ্য করা হয়েছে; অন্যদিকে পাশ্চাত্ত্য সাহিত্য বিচার পদ্ধতি সম্পর্কে জ্ঞান বৃদ্ধির জন্য একাধারে আরিস্টটলের কাব্যতত্ত্ব ও আধুনিক সাহিত্য বিচার পদ্ধতি পাঠ্যবিষয়ভুক্ত হয়েছে। সাম্প্রতিককালে সাহিত্য বিচারের দৃষ্টিভঙ্গিগুলি ও তার পদ্ধতিগুলি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরে সাহিত্য বিচার সম্পর্কে তাদের জ্ঞানকে পূর্ণতা দেওয়ার লক্ষ্যে এই গুচ্ছের পাঠ্যপুস্তকগুলি নির্বাচিত হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),CODE: BNGPCOR12T, বাংলা নাটক পাঠ (উনিশ শতক ), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

**১**। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর রচিত **অলীকবাবু** ।

২। দীনবন্ধু মিত্র রচিত **নীলদর্পণ** ।

৩। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **বিসর্জন** ।

সহায়ক গ্রন্থঃ

১। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলা নাট্যসাহিত্যের ইতিহাস ২। অজিতকুমার ঘোষঃ বাংলা নাটকের ইতিহাস ৩। আবু সয়ীদ আইয়ুবঃ আধুনিকতা ও রবীন্দ্রনাথ ৪। শঙ্খ ঘোষঃ কালের মাত্রা ও রবীন্দ্রনাটক ৫। সুরেশচন্দ্র মৈত্রঃ বাংলা নাটকের বিবর্তন।

**Course outcome:**

বাংলা নাটকের ধারা বেশ শক্তিশালী। নানান ঘাত-প্রতিঘাতে তার মোড় ফেরার ইতিহাস ছাত্র-ছাত্রীদের অজানা নয়। এই গুচ্ছে উনিশ শতকের তেমনি তিনটি উল্লেখযোগ্য নাটক নির্বাচন করে আমরা উনিশ শতকের প্রহসন, নীলচাষীদের আত্মরক্ষার লড়াই ও নীলকর সাহেবদের অত্যাচার এবং বলি প্রথার কুফল ও মানুষের অন্ধ বিশ্বাস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবহিত করতে চেয়েছি।

**গুচ্ছঃ (COURSE), CODE:BNGPCOR13T , বাংলা নাটক পাঠ (বিশ শতক ), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। দ্বিজেন্দ্রলাল রায় রচিত **সাজাহান** ।

২। বাদল সরকার রচিত **এবং ইন্দ্রজিৎ** ।

৩। শাঁওলী মিত্র রচিত **নাথবতী অনাথবৎ** ।

সহায়ক গ্রন্থঃ

**Course outcome:**

তৃতীয় সেমেস্টার পঞ্চম গুচ্ছে বিশ শতকের বাংলা নাটক সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করার জন্য এই শতকের বিখ্যাত তিনটি নাটককে পাঠ্যবিষয়ভুক্ত করা হয়েছে। দ্বিজেন্দ্রলাল রায় রচিত সাজাহান শুধু বিখ্যাত ঐতিহাসিক নাটক নয়, এতে একাধারে সেকালের সমাজ-ইতিহাসকে তুলে ধরার প্রয়াস যেমন আছে, তেমনি এর ভাষা ব্যবহার ও সংলাপ রচনায় নাট্যকারের দক্ষতাও আছে। এই সমস্ত বিষয়ে ছাত্র-ছাত্রীর ধারণাকে স্পষ্ট করাই এই নির্বাচনের মূল লক্ষ্য। বাংলা নাট্যসাহিত্যে উদ্ভট নাটক লিখে যিনি বিখ্যাত হয়েছেন সেই বাদল সরকার-এর বিখ্যাত নাটক এবং ইন্দ্রজিৎ পাঠ্য করে বিষটি সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা স্পষ্ট করার প্রয়াস করা হয়েছে। আর আধুনিক পুনর্নির্মাণ নাটকের রূপ ও স্বরূপ বোঝানোর উদ্দ্যেশ্যে মহাভারতের কাহিনি নিয়ে রচিত নাথবতী অনাথবৎ নাটকটির নির্বাচন ।

**জেনেরিক ইলেক্টিভ কোর্স ( GENERIC ELECTIVE COURSE), CODE:BNGPGEC01T ৫০ নম্বর , ক্রেডিট ৪**

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিতঃ **কমলাকান্তের দপ্তর** (নির্বাচিত প্রবন্ধ) ।

২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিতঃ **শেষের কবিতা** ।

৩। সাহিত্য অকাদেমি প্রকাশিত **বাংলা গল্প সংকলন** (১ম,২য়,৩য়,৪র্থ খণ্ড ) উনিশ ও বিশ শতকের নির্বাচিত গল্প।

সহায়ক গ্রন্থঃ

১। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস সম্পাদিত কমলাকান্তের দপ্তর ২। রবীন্দ্রনাথ ঠাকুর রচিত শেষের কবিতা ৩। সাহিত্য অকাদেমি প্রকাশিত বাংলা গল্প সংকলন ।

**Course outcome:**

জেনেরিক ইলেক্টিভ কোর্স সাধারণত যারা বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রী নয় তাদের জন্য। যারা অন্য বিষয়ের ছাত্র-ছাত্রী অথচ বাংলা ভাষা ও সাহিত্যের চর্চায় আগ্রহী তাদের কথা ভেবেই এই পাঠ্যসূচীর পরিকল্পনা। এই গুচ্ছে মোট তিনটি এককে বাংলা প্রবন্ধ, বাংলা উপন্যাস এবং বাংলা ছোটগল্প পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে। এই পাঠক্রমে ছাত্র-ছাত্রীদের আগ্রহ ও পাঠাকর্ষণ যাতে বৃদ্ধি পায় এবং বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কে ছাত্র-ছাত্রীদের জ্ঞান যাতে বৃদ্ধি পায় সে কথা ভেবে এমন ব্যক্তিগত প্রবন্ধ, কাব্যধর্মী উপন্যাস এবং উনিশ ও বিশ শতকের বাংলা ছোটগল্প পাঠ্য বিষয় হিসাবে নির্বাচিত হয়েছে।

**চতুর্থ সেমেস্টার (সেশনঃ জানুয়ারি থেকে জুন )**

**( পাঁচটি গুচ্ছঃ মোট ৩০০ নম্বর , মোট ক্রেডিট ২৪)**

**প্রথম চারটি গুচ্ছের প্রতিটিতে ৫০ নম্বর এবং পাঁচ নম্বর গুচ্ছের নম্বর ১০০= মোট ৩০০ নম্বর**

**প্রথম চারটি গুচ্ছের প্রতিটিতে ৪ ক্রেডিট এবং পাঁচ নম্বর গুচ্ছের ক্রেডিট ৮ = মোট ২০ ক্রেডিট**

**১। বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ (DSE-III & IV)**

**গুচ্ছঃ (COURSE),DSE-III, CODE:BNGPDSE03T , বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ , নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। কৃত্তিবাস অনূদিত **রামায়ণ** , (নির্বাচিত অংশ)।

২। ঘনরাম চক্রবর্তী রচিত **ধর্মমঙ্গল** ।

৩। রামেশ্বর ভট্টাচার্য রচিত **শিবায়ন** ।

সহায়ক গ্রন্থঃ

১। সুখময় মুখোপাধ্যায় সম্পাদিত রামায়ণ ২। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সম্পাদিত রামায়ণ ৩। বসুমতী কর্পোরেশন লিমিটেড প্রকাশিত রামায়ণ ৪। পীযূষকান্তি মহাপাত্র সম্পাদিত ঘনরাম চক্রবর্তী - বিরচিত শ্রীধর্ম্মমঙ্গল ৫। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস ৬। পঞ্চানন চক্রবর্তী সম্পাদিত রামেশ্বর রচনাবলী।

**Course outcome:**

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective ( DSE- III ) কোর্সের প্রথম গুচ্ছে বিশেষপত্র প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ- এ রামায়ণের অনুবাদ, ধর্মমঙ্গল ও শিবায়ন কাব্য পাঠ্য করে একাধারে অনুবাদ ও মঙ্গলকাব্য সম্পর্কে ছাত্র-ছাত্রীর জ্ঞানকে পরিপূর্ণতা দেওয়ার চেষ্টা করা হয়েছে। কৃত্তিবাসী রামায়ণ বাঙালির প্রণের সম্পদ, বাঙলি জাতির জীবন ও বাঙালি সংস্কৃতি কেমনকরে সমাজকে প্রভাবিত করেছিল, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে এই গ্রন্থটির নির্বাচন। আবার রাঢ় অঞ্চলের জনজীবন, ডোম সমাজের যুদ্ধ ও জীবনযাপন ইত্যাদি বোঝানোর লক্ষ্যে একমাত্র পুরুষ প্রধান মঙ্গলকাব্য ধর্মমঙ্গল পাঠ্য করা হয়েছে। আর সপ্তদশ শতকে বাংলার সমাজে কৃষিব্যবস্থার বাড়বাড়ন্তভাব ও তাকে কেন্দ্র করে বাঙালি পরিবারে উন্নতি ও কলহের স্বরূপটি ছাত্র-ছাত্রীদের কাছে তুলে ধরবার জন্য শিবায়ন কাব্যকে পাঠ্য করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE), DSE-IV, CODE:BNGPDSE04T, বিশেষ পত্রঃ প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ , নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। আলাওল রচিত **পদ্মাবতী কাব্য** ।

২। কাশিদাসী **মহাভারত ,** (নির্বাচিত অংশ )।

৩। ভারতচন্দ্র রচিত **অন্নদামঙ্গল কাব্য** , (নির্বাচিত অংশ )।

সহায়ক গ্রন্থঃ
১। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত পদ্মাবতী(২য় খণ্ড) ২। দেবনাথ বন্দ্যোপাধ্যায়ঃ রাজসভার কবি ও কাব্য ৩। আবদুল করিম মুহ্ম্মদ্ এনামুল্ হকঃ আরাকান রাজসভার বাঙ্গালা সাহিত্য ৪। দেবনাথ বন্দ্যোপাধ্যায় সম্পাদিত কাশীসাদী মহাভারত ৫। ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস সম্পাদিত ভারতচন্দ্র গ্রন্থাবলী।

**Course outcome:**

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective( DSE- IV ) কোর্সের দ্বিতীয় গুচ্ছে ইসলাম ধর্মাবলম্বী কবির অনূদিত পদ্মাবতী কাব্য নির্বাচন করে সুফী ধর্ম ও ইসলামী সংস্কৃতির স্বরূপটি ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। রামায়ণের মতো মহাভারতও যে বাঙালি জাতীর প্রাণের সম্পদ সে বিষয়ে কোনো সন্দেহ নেই। বিভিন্ন নীতি শিক্ষা, ধর্ম শিক্ষা ও প্রাচীন ভারতের বাঙালি পরিবার ও তাদের পারিবারিক দ্বন্দ্বের ফলে ধ্বংশ এই সমস্ত বিষয়ে সম্যক জ্ঞান বৃদ্ধির জন্য মহাভারতের অনুবাদ পাঠ্য করা হয়েছে। আর অষ্টাদশ শতকে কবি ভারতচন্দ্র সমাজ বাস্তবতার যে স্বাক্ষর তাঁর কাব্যে রেখেছেন, সে সম্পর্কে ছাত্র-ছাত্রীর সম্যক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে অন্নদামঙ্গল কাব্য পাঠ্যতালিকাভুক্ত হয়েছে।

**২। বিশেষ পত্রঃ লোকসংস্কৃতি ( FOLKLORE), DSE-III & IV**

**গুচ্ছঃ (COURSE), DSE-III ,CODE:BNGPDSE03T, বিশেষ পত্রঃ লোকসংস্কৃতি (লোকসংস্কৃতি ও বিভিন্ন বিদ্যা শৃঙ্খলা পাঠ ) , নম্বর ৫০, ক্রেডিট ০৪**

**ক বিভাগ ,বিভিন্ন বিদ্যার সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক নির্ণয় ।**

১। ভূগোল ও লোকসংস্কৃতি, ২। ইতিহাস ও লোকসংস্কৃতি, ৩। গণিত ও লোকসংস্কৃতি, ৪। সমাজবিদ্যা ও লোকসংস্কৃতি, ৫। সাহিত্য ও লোকসংস্কৃতি, ৬। নৃতত্ত্ব ও লোকসংস্কৃতি, ৭। ভাষাতত্ত্ব ও লোকসংস্কৃতি।

**খ বিভাগ , লোকসংস্কৃতি চর্চায় উল্লেখযোগ্য ব্যক্তিত্ব সম্পর্কিত আলোচনা ।**

১। দীনেশচন্দ্র সেন, ২। রবীন্দ্রনাথ ঠাকুর, ৩। জে.ডি. অ্যাণ্ডারসন, ৪। জি.এ. গ্রিয়ারসন, ৫। গুরুসদয় দত্ত, ৬। অবনীন্দ্রনাথ ঠাকুর, ৭। আশুতোষ মুখোপাধ্যায়, ৮। আশুতোষ ভট্টাচার্য।

সহায়ক গ্রন্থঃ
১। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদঃ বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিকঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদারঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দেঃ বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্তঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তীঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতিঃ নানা প্রসঙ্গ ।

**Course outcome:**

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective( DSE- III) কোর্সের প্রথম গুচ্ছ বিশেষ পত্র লোকসংস্কৃতির দুটি এককে(প্রথমটিতে ৭টি এবং দ্বিতীয়টিতে ৮টি উপএককে) যথাক্রমে বিভিন্ন বিষয়ের সঙ্গে লোকসংস্কৃতির সম্পর্ক দেখানো হয়েছে ও লোকসংস্কৃতি চর্চায় যাঁরা বিশেষ অবদান রেখেছেন তাঁদের সম্পর্কে ছাত্র-ছাত্রীর স্পষ্ট ধারণা তৈরি করার চেষ্টা করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),DSE-IV: CODE: BNGPDSE04T ৪ . ২ , বিশেষ পত্রঃ লোকসংস্কৃতি (বঙ্গীয় লোকসাহিত্য ও সংস্কৃতি পাঠ ), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

১। ছড়া, ধাঁধা, প্রবাদ, লোককথা সম্পর্কিত আলোচনা, কমপক্ষে **১০** ঘণ্টা প্রত্যক্ষ পাঠদান করতে হবে।

২। লোকনৃত্য সম্পর্কিত আলোচনা(রণ পা, ছৌ, ঢালি নাচ, রায় বেঁশে, কাঠি নাচ, পাতা নাচ)।

৩। লোকশিল্প সম্পর্কিত আলোচনা( বাঁশ, বেত, পাট, রেশম, লাক্ষা বা গালা)।

৪। লোকনাট্য সম্পর্কিত আলোচনা(আলকাপ, বোলান, গম্ভীরা, কুশান, লেটো)।

৫। লোকসঙ্গীত সম্পর্কিত আলোচনা(টুসু, ভাদু, ঝুমুর, ভাটিয়ালী, ভাওয়াইয়া এবং নির্বাচিত গীতিকা)।

সহায়ক গ্রন্থঃ

১। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোকসংস্কৃতি ২। ওয়াকিল আহমেদঃ বাংলার লোক সংস্কৃতি ৩। আশুতোষ ভট্টাচার্যঃ বাংলার লোক-সাহিত্য (১ম-৬ষ্ঠ খণ্ড) ৪। নির্মলেন্দু ভৌমিকঃ বাঙলা ছড়ার ভূমিকা (১ম ও ২য় খণ্ড) ৫। দিব্যজ্যোতি মজুমদারঃ বাংলা লোককথার টাইপ ও মোটিফ ইনডেক্স ৬। সুশীলকুমার দেঃ বাংলা প্রবাদ ৭। ভবতারণ দত্তঃ বাংলা দেশের ছড়া ৮। বরুণকুমার চক্রবর্তীঃ বাংলা প্রবাদে স্থান-কাল-পাত্র/ বাংলা লোকসাহিত্য চর্চার ইতিহাস/ লোকসংস্কৃতিঃ নানা প্রসঙ্গ ।

**Course outcome:**

চতুর্থ সেমেস্টার Departmental Specific Elective( DSE- IV ) কোর্সের দ্বিতীয় গুচ্ছ বিশেষ পত্র লোকসংস্কৃতিতে লোকসাহিত্যের বিভিন্ন ধারার নির্বাচিত অংশ পাঠ্যতালিকাভুক্ত হয়েছে। এই গুচ্ছে মূলত ছড়া, ধাঁধা, প্রবাদ, লোকশিল্প, লোকনৃত্য, লোকনাট্য, লোকসঙ্গীত পাঠ্যতালিকাভুক্ত করে লোকসাহিত্য বিষয়ে ছাত্র-ছাত্রীর জ্ঞানকে স্পষ্ট ও তাদের আগ্রহকে বিশেষভাবে উদ্দীপিত করার চেষ্টা করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),CODE:BNGPCOR14T, বাংলা প্রবন্ধ সাহিত্য পাঠ (উনিশ ও বিশ শতক ), নম্বর ৫০, ক্রেডিট ০৪**

**১।** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত **লোকরহস্য** (নির্বাচিত প্রবন্ধ) ।

**২।** স্বামী বিবেকানন্দ রচিত **প্রাচ্য ও পাশ্চাত্য** ।

**৩।** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত **বিচিত্র প্রবন্ধ** ।

সহায়ক গ্রন্থঃ

১। বঙ্কিমচন্দ্র রচনাবলী ৩য় খণ্ড(পশ্চিমবঙ্গ সরকার) ২। স্বামী বিবেকানন্দঃ প্রাচ্য ও পাশ্চাত্য

৩। রবীন্দ্রনাথ ঠাকুরঃ বিচিত্র প্রবন্ধ

**Course outcome:**

চতুর্থ সেমেস্টার তৃতীয় গুচ্ছে উনিশ ও বিশ শতকের প্রবন্ধ পাঠ্য বিষয় হিসাবে নির্বাচন করা হয়েছে। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্রের ভাষাশৈলী ও জীবনদর্শন বোঝাতে সুখপাঠ্য গ্রন্থ লোকরহস্য পাঠ্য বিষয় করা হয়েছে। আবার বিশ শতকের বাংলা গদ্য রচনার ধারা বোঝাতে স্বামী বিবেকানন্দের প্রাচ্য ও পাশ্চাত্য গ্রন্থটি নির্বাচিত হয়েছে। আর বিভিন্ন বিষয়ে রবীন্দ্রনাথের সুচিন্তিত বক্তব্য ছাত্র-ছাত্রীর কাছে তুলে ধরার অভিপ্রায়ে বিচিত্রপ্রবন্ধ গ্রন্থটির নির্বাচন করা হয়েছে।

**গুচ্ছঃ (COURSE),CODE: BNGPCOR15T, প্রতিবেশি সাহিত্য পাঠ , নম্বর ৫০, ক্রেডিট ০৪**

**১।** অসমিয়া উপন্যাসঃ মামনী রয়সম গোস্বামী ( ইন্দিরা গোস্বামী ) রচিত **ছিন্নমস্তার মানুটহো** (বাংলা অনুবাদঃ মুক্তি চৌধুরীঃ **ছিন্নমস্তার মানুষটি** , প্রকাশক- এবং মুশায়েরা)।

**২।** হিন্দী নাটকঃ মোহন রাকেশ রচিত **আধে -আধুরে** (বাংলা অনুবাদঃ সমীক বন্দ্যোপাধ্যায় ও প্রতিভা আগ্রবালঃ আধে-আধুরে, প্রকাশক- ন্যাশনাল বুক ট্রাস্ট)।

**৩।** প্রতিবেশি ছোটগল্পঃ রামকুমার মুখোপাধ্যায় সম্পাদিতঃ **ভারতজোড়া গল্পগাঁথা** (নির্বাচিত ছোটগল্প) প্রকাশক- মিত্র ও ঘোষ।)

সহায়ক গ্রন্থঃ

১। মুক্তি চৌধুরীঃ ছিন্নমস্তার মানুষটি ২। সমীক বন্দ্যোপাধ্যায় ও প্রতিভা অগ্রবালঃ আধে-আধুরে ৩। রামকুমার মুখোপাধ্যায়ঃ ভারতজোড়া গল্পগাঁথা ।

**Course outcome:**

পশ্চিমবঙ্গের বাইরে বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা দীর্ঘদিনের। পশ্চিমবঙ্গের প্রতিবেশি রাজ্যগুলিতেও এই চর্চা আছে। সেখানকার সাহিত্যিকদের হাতেও উন্নততর সাহিত্য সৃষ্টি হয়েছে, যা বাংলা ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করার পক্ষে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে দীর্ঘদিন ধরে। কিন্তু সেই সমস্ত সাহিত্যের চর্চা অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের পাঠ্যসূচীর বহির্ভূত থেকে গেছে। ফলে পশ্চিমবঙ্গের বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীদের কাছে এই সব সাহিত্যের ও তাদের রচয়িতাদের কোনো খোঁজ নেই বললেই চলে। বর্তমান পাঠ্যসূচীতে আমরা সেই অভাব পূরণের প্রয়াস করেছি। প্রতিবেশি সাহিত্য পাঠ শিরোনামে আমরা অসমিয়া উপন্যাস, হিন্দী নাটক ও ওড়িয়া, সাঁওতালী, ঝারখণ্ডী প্রভৃতি ভাষায় রচিত প্রতিবেশি ছোটগল্প পাঠ্য বিষয় হিসাবে নির্বাচন করেছি, যাতে প্রতিবেশি বাংলা সাহিত্য সম্পর্কে ছাত্র-ছাত্রীর ধারণা তৈরি হয় ও তাদের জ্ঞানের পরিধি বৃদ্ধি পায়।

**গুচ্ছঃ (COURSE),CODE:BNGPCOR16M , গবেষণা পত্র রচনা ( Dissertation) ,১০০, ক্রেডিট ০৮।**

১। গবেষণা সংক্রান্ত নিয়মাবলীর (Methodology) আলোচনা।

২। সারাৎসার রচনা (Synopsis)।

৩। সংক্ষিপ্তসার রচনা (Dissertation)।

এই গুচ্ছে প্রথমে ১০০০ -১৫০০ শব্দের মধ্যে যে কোনো একটি বাংলা বিষয়ে গবেষণা পত্রের সারাৎসার (synopsis) প্রস্তুত করতে হবে; অতপর ৩০০০-৩৫০০ শব্দের মধ্যে প্রস্তাবিত সারাৎসারের বক্তব্যটিকে সংক্ষিপ্তসার আকারে (mini thesis or Dissertation) প্রতিষ্ঠিত করতে হবে। বিষয় নির্বাচনে ছাত্র-ছাত্রীদের নিজস্বতা ও স্বাতন্ত্র্য থাকা বাঞ্ছনীয়।

**Course outcome:**

উচ্চতর বিদ্যাশিক্ষায় ছাত্র-ছাত্রীদের প্রতিষ্ঠিত করার জন্য, বাংলা সাহিত্য বিষয়ে গবেষণা পদ্ধতি ও প্রকরণ শিক্ষার জন্য, গবেষণার তত্ত্ব (Methodology) সংক্রান্ত ধারণা তৈরি করার জন্য এই গুচ্ছের অবতারণা।

**(অধ্যাপক মোহিনীমোহন সরদার )**

**সভাপতি , স্নাতকোত্তর বাংলা পাঠ পর্ষদ**

**এবং**

**বিভাগীয় প্রধান , বাংলা বিভাগ ,**

**পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় ।**

**বারাসাত , কলকাতা - ১২৬।**